

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd



স্মারক নম্বর: ২৬.০৪.০০০০.১১০.০৫.০১৪.২০- ৮৬৯

তারিখ: ২ নভেম্বর ২০২০

বিষয়: অধিদপ্তরের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুসারে নিজস্ব উদ্ভাবনী ধারণা তথ্য বাতায়নে প্রকাশ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৫ এর (৫.১) অনুসারে “অভিযোগ ব্যবস্থাপনায় ই-নটিফিকেশন (e- Notification for Complaint Management)” নামক উদ্ভাবনী ধারণাটি তথ্য বাতায়নে প্রকাশের নির্দেশনা রয়েছে।

২। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী “অভিযোগ ব্যবস্থাপনায় ই-নটিফিকেশন (e-Notification for Complaint Management)” উদ্ভাবনী ধারণাটি তথ্য বাতায়নে প্রকাশ করা হলো।

বাবলু কুমার সাহা

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৮১৮৯৪২৬

ইমেইল: dg@dncrp.gov.bd

সংযুক্তিঃ বর্ণনামতে ১ (এক) পাতা।

সদয় অবগতির জন্য:

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, এটু আই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা।
- ৪। পরিচালক (উভয়) জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৫। উপ-পরিচালক (সকল), প্রধান কার্যালয়/ বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক (সকল)....., প্রধান কার্যালয়/বিভাগীয় কার্যালয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার, সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অনুযায়ী গৃহীত উদ্ভাবনী ধারণা/উদ্যোগ

ক্রমিক নং	উদ্ভাবকের নাম	উদ্ভাবনী ধারণা/উদ্যোগের নাম	উদ্ভাবনী ধারণা/উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ	প্রত্যাশিত সুফল	সম্ভাব্য খরচ
১	২	৩	৪	৫	৬
১	জান্নাতুল ফেরদাউস সহকারী পরিচালক (পরিষদ ও অর্থ) জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর বাণিজ্য মন্ত্রণালয় মোবাইল: ০১৭০৯ ০৮৩১১৩ ই-মেইল: zannatju1988@gmail.com	ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর অধীন প্রাপ্ত লিখিত "অভিযোগ ব্যবস্থাপনায় ই- নটিফিকেশন" (e-Notification for Complaint Management)	"ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯" এর অধীন সারাদেশ থেকে প্রাপ্ত (ডাকযোগে, ই-মেইলযোগে, এক সেবার মাধ্যমে অথবা সরাসরি অধিদপ্তরে জমা প্রদান) লিখিত অভিযোগসমূহ 'জাতীয় ভোক্তা অভিযোগ কেন্দ্র' (NCCC) কর্তৃক গ্রহণ করা হয়। জাতীয় "ভোক্তা- অধিকার সংরক্ষণ আইন, ২০০৯" এর ধারা ৭৯ মোতাবেক মহাপরিচালক এবং তাঁর কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ অভিযোগসমূহ নিষ্পত্তি করে থাকেন। মহাপরিচালক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাগণ অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা নামেও অভিহিত। প্রস্তাবিত পদ্ধতিতে সেবা গ্রহনকারীর সেবা আরো সহজীকরণের জন্য প্রাপ্ত লিখিত অভিযোগসমূহ গ্রহন করে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার নিকট প্রেরণ করার পর অধিদপ্তরের চলমান হটলাইন (১৬১২১) সেবার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার নাম ও মোবাইল নাম্বার সম্বলিত একটি প্রাপ্তি ক্ষুদে বার্তা প্রেরণ করা হবে। বর্ণিত ক্ষুদে বার্তা প্রেরণ করা হলে অভিযোগকারী অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তার সাথে সরাসরি যোগাযোগ করে তাঁর অভিযোগের হালনাগাদকৃত তথ্য সম্পর্কে জানতে পারবেন।	অভিযোগকারী সয়ংক্রিয়ভাবে অভিযোগের বর্তমান অবস্থা সম্পর্কে অবহিত হবেন। ফলে তাঁর সময় ও অর্থের অপচয় কম হবে এবং অফিসে আসার সংখ্যাও হ্রাস পাবে।	প্রতিটি ক্ষুদে বার্তা প্রেরণের জন্য ৩০- ৫০ পয়সা

✍

✍